

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(পত্র বিনিময় শাখা)
www.supremecourt.gov.bd

অফিস আদেশ নং- ১৯ - জি, তারিখঃ ১৭/০৫/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ওকালতনামায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির স্টিকার এবং সীল লাগানো সাপেক্ষে মামলা ফাইল ও এফিডেভিট করা সংক্রান্ত।

সূত্রঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন স্মারক নং এস,সি,বি,এ-এস/২০১৭-২০১৮/২০ তারিখ ০৯/০৪/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, সমিতির সদস্যদের জন্য অত্র কোর্টে মামলা ফাইল ও এফিডেভিট করার ক্ষেত্রে ওকালতনামায় আইনজীবী সমিতির স্টিকার ও সীল লাগানো বাধ্যতামূলক করেছে। ওকালতনামায় আইনজীবী সমিতির সীল ও স্টিকার থাকলে ভুয়া আইনজীবীর মাধ্যমে মামলা দাখিল প্রবণতা রোধ হবে বলে অত্র কোর্ট মনে করেন।

এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (হাইকোর্ট বিভাগ) রুলস, ১৯৭৩ (সংশোধিত), চ্যাপ্টার IV এর ২৯ আইনের উপবিধি ৪ অনুযায়ী ব্যক্তিগতভাবে মোকদ্দমা পরিচালনার ক্ষেত্রে ব্যতীত অন্যান্য ক্ষেত্রে ওকালতনামায় সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সীল ও স্টিকার লাগানো সাপেক্ষে মামলা ফাইল ও এফিডেভিট করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

আদেশক্রমে


(সোহাগ রঞ্জন পাল)

সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৫৮৮৪২৯

E-mail: sohag_ar@supremecourt.gov.bd

স্মারক নং-১ই-৩৪৭/০৬(অংশ-৩)/ ৪২০০ (২) -জি,

তারিখঃ ১৭/০৫/২০১৭ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। ডেপুটি রেজিস্ট্রার হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ২। সিস্টেম এনালিস্ট, আইটি শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৩। সহকারী রেজিস্ট্রার হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৪। সম্পাদক, সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
- ৫। স্ট্যাম্প রিপোর্টার হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৬। কমিশনার অব এফিডেভিট হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৭। সুপারিনটেনডেন্ট হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।